# আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।

তারিখ ঃ ১৯.০৮.২০২১ খ্রি.

সময় ঃ বেলাঃ ১০.৩০ মিনিট

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানান। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি আনন্দের সাথে জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে ২০১৯-২০২০ অর্থ বছরে এ উপজেলার কার্যক্রমের ভিত্তিতে অতিরিক্ত ২০,০০,০০০/-(বিশলক্ষ) টাকা অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়েছে। চাহিদামত তথ্য প্রেরণে মোছাঃ আসমা বানু, প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর এবং জনাব সমর সেন, Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সার্বিক সহযোগিতা করায় এ বরাদ্দ পাওয়াতে সহায়ক হয়েছে। এ সভার মাধ্যমে তাদেরকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে জুলাই ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫ উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, ১৭৪৯৫ হেঃ জমিতে বোরো ধান লাগানো হয়েছে। আশা করা যায় ফসল উৎপাদন ভাল হবে। প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হয়েছে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার এবং ভাইস-চেয়ারম্যানগণের উপস্থিতিতে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হলে এটি প্রচারে ইতিবাচক সাড়া পড়বে।<br>তিনি আরও বলেন যে, এখন ধান শুকানোর মেশিন পাওয়া যাচ্ছে। এর ফলে ৬/৭ ঘন্টার মধ্যে ধান শুকানো সম্ভব হবে। ধান শুকানো ছোট মেশিনের মূল্য ২০,০০০/- এবং বড়টির ৩০,০০০/- টাকা মাত্র। এটি কেউ নিতে চাইলে উপজেলা কৃষি অফিস, বিরামপুরের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ও ১ কপি ছবি দিতে হবে। ৫০% ভর্তুকিও দেয়া হবে। আবেদন পেলে যাচাই-বাছাই করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর।<br>২. চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট দপ্তরসমূহ। |
| আলোচনাঃ ৬ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, মোবাইলে মেসেজ আসার পর টিকা নিতে আসলে টিকার সনদপ্রাপ্তি সহজ হবে। মোবাইলে মেসেজ না আসলে টিকা দেয়া হচ্ছে না। সিনোফার্ম টিকার ১ম ও ২য় ডোজ চলছে। প্রচুর ভিড়ের কারনে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে বিধায় হাসপাতালের পরিবর্তে বিরামপুর পাইলট উচ্চ বিদ্যালয়ে টিকাদান কার্যক্রম চলছে। হাসপাতালে সেবার মান আরও বাড়াতে উদ্যোগী হওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার অনুরোধ করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. টিকা দেয়ার জন্য একটি নির্দিষ্ট জায়গা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. হাসপাতালের সেবার মান আরও বাড়াতে উদ্যোগী হওয়ার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, লকডাউন শেষে উন্মুক্ত পরিবেশে সভা করতে পেরে ভাল লাগছে। লকডাউনেও তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলেছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১,৭০৫টি গবাদি পশুর, ১০,১১৭টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৩৫০টি এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৭০টি। তিনি আরও জানান যে, আগামী ৬-৯ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত উপজেলা পরিচালন ও উন্নয়ন (জাইকা) প্রকল্পের আওতায় ০২ ব্যাচে (৪০+৪০)=৮০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকৃত খামারীদের প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮ উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ মাসে ৩টি প্রোগ্রাম রয়েছে। (১) মৎস্য সপ্তাহ উদযাপন। তবে লকডাউনের কারণে দেরীতে হলেও আড়ম্বরপূর্ণভাবে উদযাপিত হবে। মাইকিং, উদ্বুদ্ধকরণ ও পানি পরীক্ষার কাজ চলছে। (২) মৎস্য অবমুক্তকরণ এবং (৩) উপজেলা পরিচালন ও উন্নয়ন (জাইকা) প্রকল্পের আওতায় ৫০ জন মৎস্যচাষীকে আগামী ১ ও ২ সেপ্টেম্বর ২০২১ তারিখে প্রশিক্ষণ প্রদান করা হবে। যদিও মাছের দাম মোটামুটি ভাল তবুও মাছচাষীরা খুব একটা লাভবান হতে পারছেন না।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, আশুরার বিলে অবৈধ মাছ ধরা বন্ধ করতে হবে। সেসাথে কারেন্ট জালের ব্যবহার কমাতে হবে।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর জানান যে, রাত্রি ৮-১০ টার মধ্যে কারেন্ট জাল দিয়ে মাছ ধরে ফলে ভোর বেলা যেয়ে পাওয়া যায় না। কারেন্ট জাল ব্যবহারকারী ৩৫ জনের মধ্যে ১৭ জনের তালিকা রয়েছে।পুলিশি সহায়তা পাওয়া গেলে রাত্রি ৮-১০ টার মধ্যে যেয়ে জালগুলো জব্দ করা যাবে। রাস্তার ধারে ধানের জমিতে পুকুর খনন করা যাবে না মর্মে হাইকোর্টে রীট মামলা রয়েছে।<br>এ পর্যায়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর প্রয়োজনে পুলিশি সহায়তা প্রদানের আশ্বাস দেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সরকারি নির্দেশনা মোতাবেক মৎস্য সপ্তাহ উদযাপন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. প্রকৃত মৎস্যচাষীদের প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়।<br>৪. কারেন্ট জালের ব্যবহার বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>২. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>৩. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর<br>৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর ও অফিসার ইনচার্জ, বিরামপুর থানা। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, রাস্তা থেকে ১০ মিটার দূরত্বে পুকুর খনন করা যাবে। মৎস্যচাষীদের এ বিষয়ে সচেতন করার অনুরোধ জানান। কারণ রাস্তার ধারে পুকুর থাকলে রাস্তা ক্ষতিগ্রস্থ হয়, জনসাধারণের ভোগান্তিসহ সরকারি অর্থের অপচয় হয়। | ৫. রাস্তার ধারে পুকুর খনন করা যাবে না মর্মে মৎস্যচাষীসহ অন্যান্যদের সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫.উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, বিরামপুর। |
| আলোচনাঃ ৯<br>দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের প্রতিনিধি এজিএম (প্রশাসন) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। লাইন ঠিক রাখতে আগাছা পরিষ্কারের কাজ সেপ্টেম্বর থেকে শুরু হবে। নষ্ট খুঁটি পরিবর্তন করা হবে। শহরে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ প্রদানের বিকল্প ব্যবস্থা নেয়া হচ্ছে।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর জানান যে, ৬ ঘন্টা বিদ্যুৎ না থাকলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সংরক্ষিত টিকার কার্যকারিতা কমে যাবে। এ জন্য তিনি হাসপাতালে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিকল্প ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। দিপবিস-২ এর প্রতিনিধি জানান যে, গ্রীডের কারণে অনেক ক্ষেত্রে ৪/৫ ঘন্টা কারেন্ট থাকে না। চেষ্টা চলছে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. সরকারি দপ্তরসমূহে কি পরিমান বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তা জানানোর জন্য অনুরোধ করা হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০<br>উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মোন্নাপাড়া ব্রীজের Finishing কাজ চলছে। ADP ২০২১-২০২২ অর্থ বছরের ১ম কিস্তি বাবদ ১৯.৩৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প গ্রহণ করে প্রকল্প প্রস্তাবসহ রেজুলেশন প্রেরণের জন্য তিনি অনুরোধ জানান।<br>এ ছাড়াও স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪, তারিখঃ১৬.০৮.২০২১খ্রি. পত্রে কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের জন্য মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার বিনামূল্যে বিতরণের জন্য ৩.৪১ লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জরুরীভিত্তিতে উল্লিখিত মালামাল কোটেশনের মাধ্যমে ক্রয় করার প্রস্তাব করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ১ম কিস্তি অর্থ দ্বারা প্রকল্প গ্রহণের জন্য প্রকল্প প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩. বর্ণিত মালামাল কোটেশনের মাধ্যমে ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নবর্ণিত কোটেশন কমিটি গঠনপূর্বক অনুমোদন করা হয়।<br>i. উপজেলা নির্বাহী অফিসার-আহ্বায়ক<br>ii. উপজেলা শিক্ষা অফিসার-সদস্য<br>iii. উপজেলা যুব উন্নয়ন অফিসার-সদস্য<br>iv. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)-সদস্য<br>v. উপজেলা প্রকৌশলী-সদস্যসচিব<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর।<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ১১<br>বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ গতিশীল ও স্বাভাবিক। তিনি আরও জানান যে, বাফার গোডাউনের পাশে গোডাউন নির্মাণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ পরিদর্শন করে গেছেন। কোন কোন এলাকায় গভীর নলকূপ ব্রীজ কানেকশন নির্মাণ করা প্রয়োজন তার তালিকা প্রদানের জন্য তিনি অনুরোধ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, ফুলবাড়ি উপজেলার বেতদীঘি ইউনিয়ন থেকে কাজিহাল ইউনিয়ন হয়ে বিরামপুর উপজেলার বিনাইল ইউনিয়ন পর্যন্ত জাংলাল খাল খনন করা হবে।<br>এ পর্যায়ে মেয়র, বিরামপুর পৌরসভা বলেন যে, ১০ চাকার গাড়ি বাফার গোডাউনে যাওয়ার কারণে সদ্য নির্মিত রাস্তা ও কালভার্ট নষ্ট হচ্ছে। এখানে ড্রেন ভেঙ্গে গেছে। রাস্তার পাশের ড্রেনও ক্ষতিগ্রস্থ হচ্ছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. ১০ চাকার গাড়ি বাফার গোডাউনে যাওয়ার কারণে সদ্য নির্মিত রাস্তা ও কালভার্ট এবং রাস্তার পাশের ড্রেন ক্ষতিগ্রস্থ হওয়ায় ১০ চাকার গাড়ি বাফার গোডাউনে না নেয়ার জন্য অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর।<br>২. সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২<br>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ BMDA | জনাব বাসুদেব দে, সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি ৪টি উপজেলার দায়িত্বে আছেন। অফিসের জন্য তিনি জায়গা বরাদ্দের অনুরোধ জানান। তিনি আরও জানান যে, মুকুন্দপুর ইউনিয়নে আগামী ২৩.০৮.২০২১ তারিখ সোমবার বেলা ১১.০০ টায় নতুন খননকৃত ক্যানেলের পাড়ে ১০০ টি ফলজ চারা গাছ লাগানো হবে।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর জানান যে, উপজেলা পরিষদের জায়গা সংকুলান না হওয়ায় BMDA-কে জায়গা বরাদ্দ দেয়া কষ্টকর। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বিরামপুর |
| আলোচনাঃ ১৩<br>বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৪<br>উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ও গতিশীল । বর্তমান করোনা পরিস্থিতিতে বিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষার্থীদের মাঝে ওয়ার্কশীট বিতরণ কার্যক্রম এবং আইসিটি বিষয়ে দক্ষ শিক্ষকগণ কর্তৃক গুগল মিটের মাধ্যমে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক শিক্ষকগণের গ্রেডেশন তালিকা সম্পন্ন করা হয়েছে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২.গুগল মিটের মাধ্যমে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর।<br><br>২.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর আরও জানান যে, ২টি পুকুরের কারণে কসবা সাগরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ঝুঁকির মধ্যে রয়েছে। পুকুরের মালিকের সাথে যোগাযোগ করেও কোন কাজ হচ্ছে না। মালিকের সীমানায় গাইডওয়াল দেয়ার জন্য পত্র দিতে হবে অথবা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩. মালিকের সীমানায় গাইডওয়াল দেয়ার জন্য মালিককে পত্র প্রদান অথবা আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ৩.উপজেলা শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, এ্যাসাইনমেন্ট কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম এবং শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইন ক্লাস চলমান রয়েছে। সেসাথে শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম প্রক্রিয়াধীন, পুরাতন পাঠ্যপুস্তক সরকারি নিলাম ডাকের ব্যবস্থাকরণ, জাইকার বেঞ্চ, ল্যাপটপ ও মাল্টিমিডিয়া (প্রোজেক্টর ও স্ক্রীন) সরবরাহ প্রকল্প গ্রহণ এবং করোনাকালীন পরিদর্শন যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. পরীক্ষা এবং এ্যাসাইনমেন্টসহ অন্যান্য কার্যক্রম নির্দেশনা মোতাবেক বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ১৬ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা ভাতা ১০০ভাগে উন্নীত করা হয়েছে। তবে কেউ যদি বাদ পড়ে থাকে আগামী ৩১.০৮.২০২১ তারিখের মধ্যে Online এ আবেদন করে আবেদনের হার্ডকপির সাথে প্রয়োজনীয় কাগজপত্র সরাসরি উপজেলা সমাজসেবা কার্যালয়ে দাখিল করতে হবে। এ কার্যক্রম অক্টোবর ২০২১ এর মধ্যে সম্পন্ন করতে হবে। G2P এর মাধ্যমে সেবা নিশ্চিত করার জন্য মসজিদ/মন্দির/গীর্জায় প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর পরামর্শ প্রদান করেন। চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ জানান যে, ভাতাভোগীদের মোবাইল নম্বর এন্ট্রি করার সময় সতর্কতা অবলম্বন করতে হবে। কোনভাবেই ভুল নম্বর দেয়া যাবে না। সকলের সহযোগিতায় এ সমস্যার সমাধান হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও বলেন যে, কেউ যদি কার্ডের আওতায় না থাকেন তবে তাদের তথ্য দিয়ে সহযোগিতা করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. G2P এর মাধ্যমে সেবা নিশ্চিত করার জন্য এবং ৩১.০৮.২০২১ তারিখের মধ্যে Online এ আবেদন করার বিষয়ে মসজিদ/মন্দির/গীর্জায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, বিরামপুর পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।<br>৩. মোবাইল নম্বর এন্ট্রি করার সময় অধিক সতর্ক থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. মেয়র, বিরামপুর পৌরসভা।<br>৩. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ।<br>৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৭ উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২১,৫০,০০০/- টাকা বরাদ্দ এসেছে। ৮ জন উদ্যোক্তা নির্বাচন করে ঋণ প্রদান করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ১৮ উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| আলোচনাঃ ১৯ উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের এবং সভায় নিয়মিত উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২০ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে সকল দপ্তরের ওয়েবপোর্টাল পরিপূর্ণ নেই। নিজেদের কার্যক্রমগুলো ওয়েবপোর্টালে দেয়ার অনুরোধ জানান। ওয়েবপোর্টালে বাংলার পাশাপাশি ইংরেজী ভার্সনে তথ্য Update করার অনুরোধ জানান। নৈতিকতা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ওয়েবপোর্টাল Update করার এবং ওয়েবপোর্টালে বাংলার পাশাপাশি ইংরেজী ভার্সনে তথ্য সন্নিবেশ করার জন্য অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২১ উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছর জুলাই ২০২১ মাস হতে দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে অনাবাসিকভাবে ০৩ মাস মেয়াদী "গবাদি পশু, হাঁস-মুরগী পালন, প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক" প্রশিক্ষণ কোর্স স্বাস্থ্যবিধি মেনে শুরু হয়েছে। এ উপজেলার লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণার্থী প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রশিক্ষণার্থী প্রেরণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ১ জন যুব ও ৩ জন যুব মহিলাসহ মোট ০৪ জন প্রশিক্ষিত যুবকে ১,৬০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণের পরিমান=২,৪০,৯৬,০০০/-টাকা, আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট=২,১০,৬৫,৯২৫/-, আদায়কৃত টাকার মোট পরিমান=১,৮৯,৩৬,৭৬৩/- টাকা এবং আদায়ের হার ৯০%। | | |
| আলোচনাঃ ২২<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | ডাঃ মোছাঃ তাহেরা খাতুন, ভারপ্রাপ্ত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, চরম জনবল সংকট নিয়ে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখার চেষ্টা চলছে। তিনি ৩টি উপজেলার দায়িত্বে রয়েছেন মর্মে সভায় অবহিত করেন। তিনি আরও জানান যে, মুকুন্দপুর ইউনিয়নে জায়গার অভাবে কমিউনিটি সেন্টার নেই। পর্যাপ্ত মাঠকর্মী না থাকায় বর্তমানে যে কয়জন মাঠকর্মী আছে তারা ৩দিন কমিউনিটি ক্লিনিকে যায় এবং ৩ দিন মাঠে কাজ করে। এটি তাদের জন্য অনেক কষ্টের। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৩<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ২য় পর্যায়ে টিউবওয়েল এ মাসে আসবে। তিনি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, তিনি উপজেলা পরিষদের বাসায় বসবাস করেন। নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধও করেন। জুলাই/২১ মাসে ১৭ দিনের বিদ্যুৎ বিল ২,৮২৬/- টাকা প্রদান করা হয়েছে। এ বিষয়ে তিনি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে জানিয়েছেন কিন্তু তারা কোন পদক্ষেপ নেননি। তিনি এর আশু সমাধান চান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ১৭ দিনের বিদ্যুৎ বিল ২,৮২৬/- টাকা আসার বিষয়ে দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর দৃষ্টি আকর্ষণ করে এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর।<br>২. জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ |
| আলোচনাঃ ২৪<br>উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৫<br>উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৬<br>উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। |
| আলোচনাঃ ২৭<br>বন বিভাগ | জনাব মাসুম আলম, সহকারী বন সংরক্ষক ও রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় জানান যে, তিনি ০৭.০৮.২০২১ তারিখে যোগদান করেছেন। বন, বনভূমি ও বন্যপ্রাণি রক্ষায় তিনি সকলের সহযোগিতা কামনা করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বন বিভাগের জায়গায় ব্যক্তিগতভাবে পাকা বাড়ি করে বসবাস করছেন। এ বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. এ সভায় তাকে স্বাগত জানান হয়।<br>৩. প্রয়োজনে উচ্ছেদ নথি সৃজন করে বন বিভাগের জায়গা উদ্ধার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী বন সংরক্ষক ও রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর।<br>২. সহকারী বন সংরক্ষক ও রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮<br>উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২৯<br>রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ৩০<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প | উপজেলা সমন্বয়ক, আমার বাড়ি আমার খামার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কার্যক্রম শেষ হয়ে পল্লী সঞ্চয় ব্যাংক হিসেবে আত্মপ্রকাশ করেছে। এখন থেকে শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা হিসেবে প্রচারিত হয়ে কার্যক্রম চলবে। করোনার কারণে ঋণ আদায়ে বিঘ্ন ঘটেছে ফলে কিছু পুরাতন ঋণ অনাদায়ী রয়েছে। ঋণ আদায়ে তিনি সহযোগিতা কামনা করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়ক আমার বাড়ি আমার খামার বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪<br>জেলা পরিষদ দিনাজপুর | জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সদস্য, জেলা পরিষদ। |
| আলোচনাঃ ৩৫<br>মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর |
| আলোচনাঃ ৩৬<br>কাটলা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ইউনিয়ন পরিষদ ভবনের প্লাস্টার খুলে পড়ছে। পরিষদে লক্ষ লক্ষ টাকার সম্পদ রয়েছে কিন্তু কোন নিরাপত্তা নেই। বাউন্ডারি ওয়াল নেই। তিনি বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং পরিষদ ভবন সংস্কারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। হাটের ইজারালব্ধ টাকা দিয়ে হাট উন্নয়নের কাজ করা হয় কিন্তু ২ বছর যাবত উক্ত খাতে কোন বরাদ্দ পাওয়া যায়নি বা হাট উন্নয়নের কাজ করা হয়নি। তিনি হাট উন্নয়ন খাতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান।<br><br>এ পর্যায়ে উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, ইউনিয়ন পরিষদ ভবন সংস্কারের এবং বাউন্ডারি ওয়াল নির্মাণের জন্য বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদান করতে হবে।<br><br>তিনি সভায় আরও জানান যে, স্ট্রীট লাইটগুলো প্রায়ই বন্ধ থাকে, জ্বলে না। এক বছর আগে এগুলো স্থাপন করা হয়েছে। গ্রামকে শহরের মত আলোকিত করার জন্য স্ট্রীট লাইট স্থাপন করা হলেও তা কোন কাজে আসেনি। তিনি সার্বিক বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, উপজেলা পরিষদের বাসাবাড়ি সংস্কার ও মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে বরাদ্দ চেয়ে আবেদন প্রেরণ করতে হবে। তিনি এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ সভায় আরও জানান যে, আশ্রয়ণ প্রকল্পের আওতায় মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত একক গৃহে তার ইউনিয়নের ১৭টি ঘরের মিটারের জামানত জমা ও কাগজপত্র জমা দেয়া হয়েছে। কিন্তু বিদ্যুৎ সংযোগ দেয়া হয়নি। দিওড় ইউনিয়নের গোপালপুরেও একই অবস্থা।<br>উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কে ওয়েরিং এর বিষয়ে খোঁজ নিয়ে ব্যস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>দিপবিস-২ এর পক্ষ থেকে জানানো হয় যে, ওয়েরিং এর মালামাল ক্রয়ের জন্য টেন্ডার হয়েছে। খুব শীঘ্রই এ ঘরগুলোতে বিদ্যুৎ সংযোগের কাজ শুরু করা হবে। ওয়েরিং হয়েছে এমন ঘরের তালিকা দেয়ার জন্য তিনি অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২. ইউনিয়ন পরিষদ ভবন সংস্কারের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>৩. ইউনিয়ন পরিষদ ভবন সংস্কার এবং বাউন্ডার ওয়াল নির্মাণের লক্ষ্যে প্রাক্কলনসহ বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার বিভাগে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৪. স্ট্রীট লাইটগুলোর বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>৫. উপজেলা পরিষদের বাসাবাড়ি সংস্কার ও মেরামতের জন্য প্রাক্কলন প্রস্তুত করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে বরাদ্দ চেয়ে আবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৬. আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় নির্মিত সকল গৃহে দ্রুততার সাথে বিদ্যুৎ সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর।<br>২. উপজেলা প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী, বিরামপুর।<br><br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br><br>৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর।<br><br>৫. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br><br>৬. জেনারেল ম্যানেজার দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭<br>খানপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বর্ষায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো রাবিশ দ্বারা মেরামত করার অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. বর্ষায় ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো রাবিশ দ্বারা মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮<br>দিওড় ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর |
| আলোচনাঃ ৩৯<br>বিনাইল ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৪০<br>জোতবানী ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তার ইউনিয়নের একই ব্যক্তি ভিজিডি ও বয়স্ক ভাতা পাচ্ছেন। সে ক্ষেত্রে বয়স্ক ভাতা রেখে ভিজিডি বাতিল করার জন্য তিনি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুরের দৃষ্টি আকর্ষণ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. একউ ব্যক্তি ভিজিডি ও বয়স্ক ভাতা পেলে ভিজিডি কার্ড বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. চেয়ারম্যান জোতবানী ইউনিয়ন পরিষদ বিরামপুর<br>২. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিরামপুর। |
| আলোচনাঃ ৪১<br>পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি এডিপি'র বরাদ্দ থেকে পলিপ্রয়াগপুর ইউনিয়নের জন্য প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. প্রকল্প প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুর |
| আলোচনাঃ ৪২<br>সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের কোন বক্তব্য পাওয়া গেল না। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪৩<br>ভাইস-চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যানদ্বয়, উপজেলা পরিষদ, বিরামপুর জানান যে, সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের নিয়ে অপরাজিতার বিভাগীয় পর্যায়ে মিটিং করা হবে। বিষয়টি তিনি সভায় অবহিত করেন। | বিরামপুর পৌরসভা এবং সকল ইউনিয়নের সংরক্ষত আসনের সদস্যদের বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা<br>২. চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ। |
| আলোচনাঃ ৪৪<br>মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভায় সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, উপজেলা প্রকৌশল দপ্তরের এবং জাইকা প্রকল্পের ড্রেনেজ ব্যবস্থা সমাপ্ত হয়নি। ফলে পানি নিস্কাশন হচ্ছে না। উপজেলা ভূমি অফিসের সামনেও একই অবস্থা। এ বিষয়ে তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Covid-19 এর টিকা দেয়ার পরিবেশ নেই। আলাদা স্থানে খোলামেলা পরিবেশে টিকা দেয়ার ব্যবস্থা নিলে সবার জন্য উপকার হতো।<br>তিনি আরও জানান যে, প্রাণিসম্পদ দপ্তর থেকে গোখাদ্য দেয়া হয়েছে কিন্তু প্রকৃত খামারী গোখাদ্য পায়নি। কৃষি ক্ষেত্রে আউশ আবাদে কৃষকদের উদ্বুদ্ধ করার ও মনিটরিং করার অনুরোধ জানান। এ ক্ষেত্রে ভেটেরিনারি সার্জনকে দায়িত্ব দেয়া হলে ভাল হবে। এ ছাড়াও তিনি ওএমএস এর চাল/আটা বিতরণের সময় ট্যাগ অফিসারগণ উপস্থিত থাকলে বিশৃঙ্খলা এড়ানো যেত মর্মে অভিমত ব্যক্ত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ড্রেণের কাজ সমাপ্ত করার জন্য অনুরোধ করা হলো।<br>৩. ট্যাগ অফিসারগণকে শুরু থেকে শেষ পর্যন্ত উপস্থিত থেকে চাল/আটা বিতরণে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ ও ট্যাগ অফিসারবৃন্দ। |
| আলোচনাঃ ৪৫ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ ভবন এবং উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে চুরি হয়েছে। ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুরকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুরকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৬ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, ফেব্রুয়ারি ২০২০ এর ৫(গ) অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ প্রতি বছরের ৩০ জুনের পর উন্নয়ন তহবিলে জমা করার বিধান রয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরের জুন ২০২১ মাসের সকল ব্যয় নির্বাহের পর অব্যয়িত =**৩১,৫৯,০১৭/৫৬ (একত্রিশলক্ষ উনষাটহাজার সতের)** টাকা উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তরের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরের জুন ২০২১ মাসের সকল ব্যয় নির্বাহের পর অব্যয়িত =**৩১,৫৯,০১৭/৫৬ (একত্রিশলক্ষ উনষাটহাজার সতের)** টাকা স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুরকে অনুরোধ করা হয়। | ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ৪৭ | উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.০২৬.৪৮৭.২০১২(অংশ-১)-৯৯৯,তারিখঃ ১৭.১১.২০ খ্রি. পত্রে ০৫ নভেম্বর ২০২০ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় মোতায়েনকৃত ১০(দশ) জন আনসার সদস্যদের জন্য অস্ত্রাগার/গোলাবারুদ রাখার স্থান ও আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে উপজেলা পরিষদ চত্বরে সুবিধাজনক স্থানে (উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নিকটবর্তী) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে জননিরাপত্তা বিভাগের লে-আউট প্লান অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়েছে। উক্ত ভবন নির্মাণে সম্ভাব্য ১৫,০০,০০০/-(পনেরলক্ষ) টাকা ব্যয় হতে | জননিরাপত্তা বিভাগের লে-আউট প্লান অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পারে মর্মে তিনি সভায় উল্লেখ করেন। জননিরাপত্তা বিভাগের লে-আউট প্লান অনুযায়ী ১টি প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ জানান। | | |
| বিবিধ আলোচনাঃ ৪৮ | (ক) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, বর্ষার কারণে ৭টি ইউনিয়নের কিছু কিছু রাস্তা চলাচল অনুপযোগী হয়ে পড়েছে। কোথাও কোথাও ভেঙ্গে গেছে এবং গর্তের সৃষ্টি হওয়ায় জনসাধারণের চলাচল কষ্টকর হয়ে পড়েছে। জনস্বার্থে এ রাস্তাগুলো রাবিশ দ্বারা মেরামত করা প্রয়োজন।<br>(ক) প্রকল্পের নামঃ বর্ষাজণিত কারণে ইউনিয়নসমূহের গুরুত্বপূর্ণ কর্দমাক্ত ও গর্ত হওয়া রাস্তা রাবিশ দ্বারা সংস্কারকরণ।<br>প্রকল্পটি বাস্তবায়নের জন্য নিম্নভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনের প্রস্তাব করেন। প্রস্তাবিত কমিটি নিম্নরূপঃ<br>১. মোঃ রহমত আলী, চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউপি -সভাপতি<br>২. মোঃ ইয়াকুব আলী, চেয়ারম্যান, খানপুর ইউপি-সেক্রেটারী<br>৩. মোঃ সাইফুল ইসলাম, চেয়ারম্যান, মুকুন্দপুর ইউপি-সদস্য<br>৪. মোঃ আব্দুর রাজ্জাক,চেয়ারম্যান, জোতবানী ইউপি-সদস্য<br>৫. মোঃ নাজির হোসেন, চেয়ারম্যান, কাটলা ইউপি-সদস্য | (ক) প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় ও প্রস্তাবিত কমিটি অনুমোদন করা হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হলো। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>২. প্রকল্প বাস্তবায়ন কমিটি |
| | (খ) উপজেলা প্রকৌশলী, বিরামপুর সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটরিয়ামে জরুরীভিত্তিতে বিদ্যুতের ক্ষুদ্র মেরামত কাজ করা হয়। এতে ব্যয় হয়েছে ২৫,০০০/-(পচিঁশহাজার) টাকা। তিনি এ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে মিটানোর প্রস্তাব করেন। | (খ) বর্ণিত কাজের ব্যয় বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশহাজার) টাকা পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বিরামপুর। |

৪৯. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**জুলাই/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান | =৪৫,০০০/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের জুলাই ২০২১ মাসের সম্মানীভাতা প্রদান | =৫৪,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের জুলাই/২০২১ মাসের ২৭ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান।<br>( ১৫,৪০০+১৫৪০০=৩০,৮০০/-) | =৩০,৮০০/- |
| ০৪ | জুলাই/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | জুলাই/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | জুন ও জুলাই/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান (৩২,৫৪৬/- ও ২১,৮৯৭/-) | ৫৪,৪৪৩/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি সভায় উল্লেখ করেন যে, উন্নয়নমূলক কাজে সবার সম্পৃক্ততা থাকতে হয়। ১০ আগস্ট ২০২১ তারিখের জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের সাথে মতবিনিময় অনুষ্ঠানে জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয় বিরামপুর উপজেলার কাজে সন্তোষ প্রকাশ করেছেন। এটি আমাদের জন্য গর্বের। এটি সকলের সম্মিলিত প্রচেষ্টার ফল। তিনি বিরামপুর শহর এলাকায় প্রাকৃতিক সৌন্দয বৃদ্ধির লক্ষ্যে বিরামপুর পৌরসভা থেকে বেলডাঙ্গা পর্যন্ত সৌন্দর্য বৃদ্ধি করে এমন গাছ লাগানোর ইচ্ছা ব্যক্ত করেন। তিনি এ বিষয়ে সহকারী বন সংরক্ষক ও রেঞ্জ কর্মকর্তা, বিরামপুর রেঞ্জকে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। সৌন্দর্য বৃদ্ধির সাথে পরিবেশের ভারসাম্যও রক্ষা হবে বলে তিনি আশা প্রকাশ করেন। ইউনিয়ন পরিষদগুলোতেও মূল্যবান কাঠের গাছ লাগানোর জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, এ গাছগুলো একসময় ইউনিয়ন পরিষদের আয় বাড়াবে। একটি গাছ কাটা হলে সেখানে ১০টি গাছ লাগানোর জন্য তিনি সবাইকে অনুরোধ জানান। উপজেলা পরিষদের বাহিরে অবস্থিত অফিসগুলোতে ড্রপডাউন ব্যানার ও গাছ লাগানোর জন্যও অনুরোধ করেন। COVID-19 মোকাবেলায় যথাযথভাবে দায়িত্ব পালন করায় চিকিৎসকগণের প্রসংশা করে তাদেরকে ধন্যবাদ জানান এবং কর্মকর্তাগণকেও ধন্যবাদ জানান। তবে এখনও সতর্ক থাকতে হবে। সতর্কতা স্বরুপ স্বাস্থ্য বিধি মেনে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে সকলকে মাস্ক ব্যবহার করে নিরাপদে থাকার জন্য তিনি পুনরায় অনুরোধ জানান।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ইদের শুভেচ্ছা জানিয়ে ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বিরামপুর, দিনাজপুর
birampur.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭১০.০০০.০৮.০৪৮.২১.১৩৫৯/১(৫০) তারিখঃ ২৫.০৮.২০২১ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

০১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-১১ দিনাজপুর-৬।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. জেলা প্রশাসক, দিনাজপুর।
০৫. মেয়র, বিরামপুর পৌরসভা, বিরামপুর, দিনাজপুর।
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
০৭. জনাব মোঃ শাহজাহান আলী, সদস্য, জেলা পরিষদ, দিনাজপুর
০৮. জনাব মোছাঃ রেবেকা সুলতানা, সদস্যা, জেলা পরিষদ, দিনাজপুর
০৯. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
১০. উপজেলা............................................................................অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১১. চেয়ারম্যান, ............................................................., ইউনিয়ন পরিষদ (সকল), বিরামপুর, দিনাজপুর।
১২. জনাব ............................................................. মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।

২৫.৮.২১

পরিমল কুমার সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ
বিরামপুর, দিনাজপুর।
ফোন ঃ ০৫৩২২-৫৬৪০১ (অফিস)
e-mail : unobirampur@mopa.gov.bd